


নম্বর-৩৪.০১.০০০০.০৪৯.৩৭.০১৬.২৪-২৭

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩৩
২৩ আগস্ট ২০২৬

ফ্রিল্যান্সিং প্রশিক্ষণে ভর্তি বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “দেশের ৬৪ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় “ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ” পরিচালনার নিমিত্ত নিয়োজিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান ই-লার্নিং অ্যান্ড আর্নিং লিমিটেড, ৭ দক্ষিণ কল্যাণপুর, মিরপুর রোড, ঢাকা-১২০৭ কর্তৃক পরিচালিত আগামী ১ অক্টোবর ২০২৬ হতে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত ৩ মাস (দৈনিক ৮ ঘণ্টা) মেয়াদি ৬০০ ঘণ্টা ব্যাপী ফ্রিল্যান্সিং প্রশিক্ষণে ভর্তির জন্য দেশের ৬৪ জেলার ১৮ হতে ৩৫ বছর বয়সী কমপক্ষে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কর্মপ্রত্যাশী যুব ও যুব নারীদের নিকট থেকে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

- ০২। অনলাইনে আবেদনের লিংক: <https://e-laelttd.com/64-student-reg-jubo>
অনলাইনে দরখাস্ত আগামী ১৫.০৯.২০২৬ খ্রি. রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত দাখিল করা যাবে। সফলভাবে আবেদন দাখিলের পর আবেদনের কপি ডাউনলোড করতে হবে। উল্লেখ্য যে, বৈধ আবেদনকারীদের মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার তারিখ ও সময় অবগত করা হবে। এসএমএস এ প্রাপ্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রাদি সাথে আনতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদনের লিঙ্ক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং আবেদন করার কোন সুযোগ থাকবে না।
- ০৩। বৈধ আবেদনকারীদের আগামী ১৯.০৯.২০২৬ খ্রি. লিখিত পরীক্ষা ও ২০.০৯.২০২৬ খ্রি. মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার স্থান ও সময়সূচী এসএমএস এর মাধ্যমে জানানো হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ২৩.০৯.২০২৬ খ্রি. প্রকাশ করা হবে এবং এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
- ০৪। যুব উন্নয়ন অধিদপ্তরের স্ব-স্ব জেলার উপপরিচালকের সভাপতিত্বে গঠিত ভর্তি কমিটি কর্তৃক প্রশিক্ষণার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণার্থী বাছাইপূর্বক ভর্তি করা হবে। প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে আইসিটি/কম্পিউটার এর উপর বেসিক ধারণা এবং ইংরেজিতে দক্ষতা রয়েছে এমন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৫। এ প্রশিক্ষণে ভর্তির জন্য কোন প্রকার ফি'র প্রয়োজন হবে না। অধিকন্তু প্রশিক্ষণার্থীরা দৈনিক ২০০/- টাকা হারে যাতায়াত ভাতা এবং প্রশিক্ষণ চলাকালীন দৈনিক সকালের নাস্তা, দুপুরের খাবার ও বিকালের নাস্তা এবং প্রশিক্ষণ শেষে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান করা হবে।
- ০৬। কর্তৃপক্ষ এ ভর্তি বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ মানিকহার রহমান)
প্রকল্প পরিচালক

দেশের ৬৪ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং
প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি (১ম সংশোধিত) প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা